

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৩

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৫. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে হাদীস বর্ণনার ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করা ও এ ক্ষেত্রে যাচাইবাছাই করা প্রসঙ্গে

بَابُ اتِّقَاءِ الْحَدِيثِ عَنِ النَّبِيِّ صلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَالتَّتَبُّتِ فِيهِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ خَالِدٍ، حَدَّثَنَا مُحَمَّدٌ هُوَ ابْنُ إِسْحَاقَ، عَنْ مَعْبَدِ بْنِ كَعْبٍ، عَنْ أَبِي قَتَادَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ عَلَى الْمِنْبَرِ: يَا أَيُّهَا لَانَّاسُ إِيَّاكُمْ وَكَثْرَةَ الْحَدِيثِ عَنِّي، فَمَنْ قَالَ عَلَيَّ، فَلَا يَقُلْ إِلَّا حَقًّا، _ أَوْ إِلَّا صِدْقًا _ لَانَّاسُ إِيَّاكُمْ وَكَثْرَةَ الْحَدِيثِ عَنِي، فَمَنْ قَالَ عَلَيَّ، فَلَا يَقُلْ إِلَّا حَقًا، _ أَوْ إِلَّا صِدْقًا _ وَمَنْ قَالَ عَلَيَّ مَا لَمْ أَقُلْ، فَلْيَتَبَوَّأُ مَقْعَدَهُ مِنَ النَّارِ

إسناده صحيح محمد بن إسحاق صرح بالتحديث عند أحمد وغيره فانتفت شبهة التدليس

বাংলা

২৪৩. আবু কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে মিম্বারের উপর বলতে শুনেছি: হে মানবমণ্ডলী! তোমার আমার থেকে অধিক হাদীস বর্ণনা করা হতে বিরত থাকো। তবে যে ব্যক্তি আমার থেকে (হাদীস) বলতে চায়, সে যেন সত্য বা সঠিক ব্যতীত অন্য কিছু না বলে। আর যে ব্যক্তি আমার উপর এমন কথা আরোপ করল, যা আমি বলিনি, তবে সে জাহান্নামে তার বাসস্থান বানিয়ে নিল।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আহমদ, ৫/২৯৭; ইবনু আবী শাইবা, ৮/৭৬১ নং ৬২৯৫; ইবনু মাজাহ, মুকাদ্দামা ৩৫; হাকিম ১/১১১;



তাহাবী, মুশকিলুল আছার ১/১৭২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন